গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা

## নভেম্বর/২০২১ খ্রিস্টাব্দ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১০/১১/২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বুধবার, বেলা ৩:০০ ঘটিকা। |
| স্থান | আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | আইসিটি অধিদপ্তরের সকল কর্মকর্তা |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই সময়ানুবর্তিতা ও শৃঙ্খলা মেনে সুষ্ঠুভাবে অফিস পরিচালনার বিষয়ে গুরুত্বারোপ করেন। প্রত্যেককে সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। উপ-পরিচালক (প্রশাসন) অত্র অধিদপ্তরে নব যোগদানকৃত মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার এবং প্রধান কার্যালয়ে সংযুক্তিপ্রাপ্ত সহকারী প্রোগ্রামারগণকে সকলের সাথে পরিচয় করিয়ে দেন। অতঃপর উপ-পরিচালক (প্রশাসন) সহকারী প্রোগ্রামার জনাব তানভীর আহমেদ-কে সমন্বয় সভার নির্ধারিত আলোচনা শুরু করার অনুরোধ করেন। নির্দেশনা মোতাবেক সহকারী প্রোগ্রামার বিগত সভার কার্যবিবরণী পড়ে শোনান এবং কার্যবিবরণীটি সকলের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সহকারী প্রোগ্রামার জনাব তানভীর আহমেদ সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সর্বশেষ সমন্বয় সভার কার্যবিবরণী এবং অগ্রগতি প্রতিবেদন সম্বলিত কার্যপত্র পর্যালোচনান্তে গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, অধিশাখা/শাখা, প্রকল্প অনুযায়ী পর্যালোচনা এবং আলোচ্যসূচি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

### ৩। প্রশাসন ও সেবা শাখা

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr>
<td>৩.১</td>
<td>করোনাকালীন (কোভিড- ১৯ ভাইরাস) অফিস ব্যবস্থা</td>
<td>i) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরেরপ্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীরএখন পর্যন্ত সর্বমোট করোনা ভাইরাস (কোভিড-১৯)আক্রান্তের নিম্নরূপ সারসংক্ষেপ উপস্থাপন করা হয়ঃ
<table>
<tr><td>মোট আক্রান্ত</td><td>:</td><td>৯২</td></tr>
<tr><td>মোট সুস্থ</td><td>:</td><td>৯২</td></tr>
<tr><td>মোট অসুস্থ</td><td>:</td><td>০০</td></tr>
<tr><td>মোট মৃত্যু</td><td>:</td><td>০</td></tr>
<tr><td>চলতি মাসে আক্রান্ত</td><td>:</td><td>০</td></tr>
</table>
ii) প্রতি মাসের সমন্বয় সভায় করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্তের সারসংক্ষেপ উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>
iii) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্যাকসিনেশন নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়।<br><br>
iv) সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের করোনাভাইরাস (কোভিড-১৯) দুর্যোগ পরিস্থিতি মোকাবিলার (কেহ যদি করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত হন, তাহলে তাঁর খোঁজ নেয়া, প্রয়োজনীয় সহযোগিতা ও সাপোর্ট দেয়া ইত্যাদি) নিমিত্ত নিম্নবর্ণিতভাবে গঠিত টীম/কমিটিকে দায়িত্বপালনের নির্দেশ দেন।<br>
গঠিত কমিটি:
<table>
<tr><th>ক্রম</th><th>কর্মকর্তার নাম ও পদবি</th><th>দায়িত্ব প্রাপ্ত বিভাগ</th></tr>
<tr><td>১।</td><td>উপ-পরিচালক (প্রশাসন) - আহবায়ক</td><td></td></tr>
<tr><td>২।</td><td>জনাব মুহাম্মদ এরশাদ হোসাইন, সহকারী পরিচালক</td><td>চট্টগ্রাম বিভাগ</td></tr>
<tr><td>৩।</td><td>জনাব আছমা আক্তার, সহকারী প্রোগ্রামার</td><td>ময়মনসিংহ বিভাগ</td></tr>
<tr><td>৪।</td><td>জনাব মোহাম্মদ সাজেদুল হাসান, সহকারী প্রোগ্রামার</td><td>রংপুর বিভাগ</td></tr>
<tr><td>৫।</td><td>জনাব বি.এম. বেলাল হোসেন, সহকারী প্রোগ্রামার</td><td>সিলেট বিভাগ</td></tr>
<tr><td>৬।</td><td>জনাব মোঃ আতিকুর রহমান তালুকদার, সহকারী প্রোগ্রামার</td><td>ঢাকা বিভাগ</td></tr>
<tr><td>৭।</td><td>জনাব শাহ্ মুহাম্মদ রুবায়েত আলম, সহকারী প্রোগ্রামার</td><td>রাজশাহী বিভাগ</td></tr>
<tr><td>৮।</td><td>জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার</td><td>খুলনা বিভাগ</td></tr>
<tr><td>৯।</td><td>জনাব আনজুম রিয়াসাত, সহকারী প্রোগ্রামার</td><td>বরিশাল বিভাগ</td></tr>
</table>
iv) সভাপতি জেলা/উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীর তথ্য সংশ্লিষ্ট জেলার প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (অতি: দায়িত্ব)-কে অত্র অধিদপ্তরের গঠিত করোনা সহায়তা টিমের সাথে সমন্বয় করে প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।</td>
<td>i) প্রতি মাসের সমন্বয় সভায় করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্তের সারসংক্ষেপ উপস্থাপন করতে হবে।<br>
ii) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্যাকসিনেশন নিশ্চিত করতে হবে।<br><br>
দায়িত্ব:<br>
১। উপ-পরিচালক (প্রশাসন)<br>
২। জনাব মোঃ আশিক আকবর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার<br><br>
iii) জেলা/উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীর তথ্য সংশ্লিষ্ট জেলার প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (অতি: দায়িত্ব) অত্র অধিদপ্তরের গঠিত করোনা সহায়তা টিমের সাথে সমন্বয় করে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।</td>
</tr>
</table>

৩.২ ডাক/পত্রাদি

**অক্টোবর/২০২১ খ্রিস্টাব্দ মাসের ই-নথির রিপোর্ট**

| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১-৩১ অক্টোবর, ২০২১) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| শাখা | নথির সংখ্যা | মোট নথি নিষ্পত্তিকৃত | | | | মোট পত্রজারি |
| | | ডাক সৃজত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট | |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে | ০৪ | ২০ | ৯৮ | ১০২ | ২২০ | ২১৪ |

*** ই-নথি সিস্টেমের জরুরি মানোন্নয়ন কার্যক্রম চলছে বিধায় অফিস ভিত্তিক ড্যাশবোর্ড রিপোর্ট সাময়িকভাবে বন্ধ আছে। পূর্নাঙ্গ প্রতিবেদন পাওয়া যায় নি।**

* অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের ই-নথিতে পেন্ডিং ডাক ও নথির বিস্তারিত তথ্য (**সংযুক্ত পতাকা-'ক'**) সভায় উপস্থাপন করা হয় এবং সকলকে নিজ নিজ পেন্ডিংসমূহ দ্রুত নিষ্পন্নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**আলোচনা ও সিদ্ধান্তঃ**
১। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর আলোকে পত্রাদি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।
২। অধিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহ এবং প্রতিটি শাখা নির্ধারিত ছক মোতাবেক পত্র প্রাপ্তি, পত্র জারি, অনিষ্পন্ন পত্রের সংখ্যা এবং অনিষ্পন্ন পত্র থাকলে প্রতিটি অনিষ্পন্ন পত্রের কারণসহ তার বিবরণ ইত্যাদি উল্লেখপূর্বক প্রতিবেদন আকারে মাস শেষে পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে প্রশাসন শাখায় হার্ড কপি ও সফটকপি মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী বরাবর প্রেরণ করবেন।

**দায়িত্বঃ**
১। উপ-পরিচালক (প্রশাসন)
২। শাখা-অধিশাখা প্রধানগণ
৩। মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী, প্রশাসন শাখা

৩.৩ প্রতিবেদন/ রিপোর্ট

i) বিভিন্ন মাসিক প্রতিবেদন/রিপোর্টপ্রতি মাসের ০৩ তারিখের মধ্যে, এছাড়া জাতীয় সংসদ সংশ্লিষ্ট চাহিত প্রশ্নোত্তর সমূহ এবংআইসিটি বিভাগের চাহিদা মোতাবেক বিভিন্ন তথ্যাদি প্রেরণের নিমিত্ত আবশ্যিকভাবে নির্দিষ্ট সময়ের পূর্বে নথিতে উপস্থাপন এবং নিকস ফন্ট ব্যবহার করে সর্বোচ্চ সতর্কতার সহিত নির্ভুলভাবে প্রেরণ করতে হবে মর্মে নির্দেশ প্রদান করেন।
ii) নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে মর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভায় জানান।

বিভিন্ন মাসিক প্রতিবেদন/রিপোর্ট প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে, এছাড়া জাতীয় সংসদ সংশ্লিষ্ট চাহিত প্রশ্নোত্তর সমূহ এবং আইসিটি বিভাগের চাহিদা মোতাবেক বিভিন্ন তথ্যাদি প্রেরণের নিমিত্ত আবশ্যিকভাবে নির্দিষ্ট সময়ের পূর্বে নথিতে উপস্থাপন এবং নিকস ফন্ট ব্যবহার করে সর্বোচ্চ সতর্কতার সহিত নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**দায়িত্ব:**
১।শাখা-অধিশাখা প্রধানগণ
২। জনাব মোঃ আতিকুর রহমান তালুকদার, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা

৩.৪ শাখা-অধিশাখা পরিদর্শন

**শাখা-অধিশাখা পরিদর্শন রিপোর্ট**

| ক্রম. | কর্মকর্তার নাম ও পদবি | অক্টোবর/২১ মাসে পরিদর্শনকৃত শাখা | সর্বশেষ পরিদর্শন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী (যুগ্মসচিব) অতিরিক্ত মহাপরিচালক | - | ০৯/০৬/২০২১ অর্থ শাখা | |
| ২। | জনাব মোহাম্মদ আবুল হাশেম (উপসচিব) পরিচালক (অর্থ ও প্রশাসন) | - | - | |
| ৩। | ড. ভেনিসা রড্রিক্স (উপসচিব) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | - | ১৯/০৮/২০২১ পরিকল্পনা ও উন্নয়ন শাখা | |
| ৪। | জনাব মোঃ ফিরোজ সরকার (সিনিয়র সহকারী সচিব) উপ-পরিচালক (অর্থ) ও প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব) | ২৬/১০/২০২১ অর্থ শাখা | ২৬/১০/২০২১ অর্থ শাখা | প্রতিবেদন পাওয়া গিয়েছে |
| ৫। | জনাব মোহাঃ মাসুম বিল্লাহ সিস্টেমস ম্যানেজার | - | ২৬/০৯/২০২১ সিস্টেম ও প্রশিক্ষণ শাখা-১ | |

**আলোচনা ও সিদ্ধান্তঃ**
i) সিস্টেমস ম্যানেজার এবং উপ-পরিচালকগণ প্রতি ০৩ মাসে তাঁর অধীনস্থ শাখাসমূহ; পরিচালকগণ প্রতি ০৩ মাসে তাঁর অধীনস্থ ন্যূনতম ০২ টি শাখা এবং অতিরিক্ত মহাপরিচালক প্রতি ০৩ মাসেন্যূনতম ০২ টি শাখা-অধিশাখা একবার করে পরিদর্শন করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।
ii) পরিদর্শন গাইডলাইন অনুযায়ী শাখা-অধিশাখা পরিদর্শন করে পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে প্রতিবেদন প্রশাসন শাখায় হার্ড কপি (মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী) ও সফটকপি (ই-মেইলঃ doict.reports@gmail.com)প্রেরণ করবেন।

**দায়িত্বঃ**
১। শাখা/অধিশাখা প্রধানগণ
২। জনাব মোঃ আতিকুর রহমান তালুকদার, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা
৩।মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী, প্রশাসন শাখা

**৩.৫ — জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকান্ড পর্যবেক্ষণ ও পরিদর্শন**

**অক্টোবর/২০২১ খ্রিস্টাব্দ মাসের জেলা ও উপজেলা কার্যালয় পরিদর্শন রিপোর্ট**

| ক্রমঃ | কর্মকর্তার নাম ও পদবি | সংখ্যা | পরিদর্শনকৃত জেলা/ উপজেলারনাম | পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম | প্রতিবেদনের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>মহাপরিচালক (দায়িত্বে) | - | - | - | - |
| ২। | জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>(যুগ্মসচিব)<br>অতিরিক্ত মহাপরিচালক | ৪ | সদর ও<br>ফুলপুর, ময়মনসিংহ | ১। হাজী জালাল উদ্দিন উচ্চ বিদ্যালয়, সদর, ময়মনসিংহ<br>২। ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, সদর, ময়মনসিংহ<br>৩। বাহাদুরপুর আঞ্জুমান উচ্চ বিদ্যালয়, ফুলপুর, ময়মনসিংহ<br>৪। ভাইট কান্দি উচ্চ বিদ্যালয় ও কলেজ, ফুলপুর, ময়মনসিংহ | ৪ |
| ৩। | জনাবমোহাম্মদ আবুল হাশেম<br>(উপসচিব)<br>পরিচালক (অর্থ ও প্রশাসন) | - | - | - | - |
| ৪। | ড. ভেনিসা রড্রিক্স<br>(উপসচিব)<br>পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | - | - | - | - |
| ৫। | জনাব মোঃ ফিরোজ সরকার<br>(সিনিয়র সহকারী সচিব)<br>উপ-পরিচালক (অর্থ) ও প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব) | - | - | - | - |
| ৬। | জনাব মোহাঃ মাসুম বিল্লাহ<br>সিস্টেমস ম্যানেজার | - | - | - | - |

**আলোচনা ও সিদ্ধান্তঃ**

i) মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক (সকল), সিস্টেমস্ ম্যানেজার, উপ-পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), প্রকল্প উপ-পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালকগণ প্রত্যেকে প্রতি মাসে দু'টি করে ফিল্ড ভিজিট করবেন এবং প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাগণ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরিদর্শন করবেন। প্রধান কার্যালয়/ প্রকল্প দপ্তর হতে পরিদর্শনে গমনের পূর্বে প্রত্যেক কর্মকর্তা মহাপরিচালক মহোদয়কে অবগত করবেন।

ii) জেলা কার্যালয়ের প্রোগ্রামারগণ বা অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত বা সংযুক্তে কর্মরত সহকারী প্রোগ্রামারগণ প্রতিমাসে ন্যূনতম ০২ (দুই) টি উপজেলা কার্যালয় ও ০৩ (তিন) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন এবং উপজেলায় কর্মরত সহকারী প্রোগ্রামারগণ প্রতিমাসে নিজ উপজেলাতে স্থাপিত ন্যূনতম ০৩ (তিন) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন ও কমপক্ষে ০১ (দুই) টি ডিজিটাল সমাবেশ আয়োজন করবেন।

iii) পরিদর্শনকালে পরিদর্শন গাইডলাইন/ছক অনুসরণ করতে হবে এবং পরিদর্শন পরবর্তী তিন (০৩) দিনের মধ্যে আবশ্যিকভাবে সুপারিশ ও মতামতসহ প্রতিবেদন (ই-মেইলঃ doict.visitreport@gmail.com) প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী (প্রশাসন শাখা) সকল পরিদর্শন প্রতিবেদন গ্রহণ ও সংরক্ষণপূর্বক তালিকাভুক্তি করবেন ।

**দায়িত্ব:**

১। সকল কর্মকর্তা (প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়)।
২। প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল)।
৩। উপ-পরিচালক (প্রশাসন)।
৪। জনাব মোঃ আতিকুর রহমান তালুকদার, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা
৫। মোঃ মোজাহেদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা।
৬।মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী, প্রশাসন শাখা।

**৩.৬ — জাতীয় সংসদ এবং জেলা/উপজেলা আইসিটি কমিটির সভার প্রতিবেদন সংরক্ষণ ও প্রেরণ সংক্রান্ত**

i) সকল জেলা/উপজেলায় গঠিত আইসিটি কমিটির নিয়মিত সভার নোটিশ, প্রতিবেদন ও কার্যবিবরণী সংশ্লিষ্ট মাননীয় সদস্যগণকে প্রেরণ নিশ্চিত করতে এবং সকল কার্যবিবরণী প্রধান কার্যালয়ে সংরক্ষণ করতে সভাপতি নির্দেশনা দেন।

ii) সভাপতি নিজস্ব জনবল ব্যবহার করে ইনোভেশন আইডিয়ার আওতায় রিপোটিং সিস্টেম, মাঠ পর্যায়ের কার্যালয়ে সরকারী দপ্তরে কারিগরি সেবা প্রদান এবং পরিদর্শন সংক্রান্ত একটি সমন্বিত সফটওয়্যার তৈরির পরামর্শ প্রদান করেন।

**গঠিত কমিটি:**

১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ..... আহ্বায়ক
২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)..... সদস্য
৩। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) ..... সদস্য
৪। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা....সদস্য সচিব

i) সকল জেলা/উপজেলায় গঠিত আইসিটি কমিটির নিয়মিত সভার নোটিশ, প্রতিবেদন ও কার্যবিবরণী সংশ্লিষ্ট মাননীয় সদস্যগণকে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং সকল কার্যবিবরণী প্রধান কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

ii) অত্র অধিদপ্তরের নিজস্ব কর্মকর্তাদের দ্বারা রিপোটিং সিস্টেম, মাঠ পর্যায়ের কার্যালয়ে সরকারী দপ্তরে কারিগরি সেবা প্রদান এবং পরিদর্শন সংক্রান্ত সমন্বিত সফটওয়্যার প্রস্তুতকরণের নিমিত্ত কর্মকর্তাদের নিকট হতে সফটওয়্যারটি প্রস্তুতের প্রস্তাব আহ্বান করে গঠিত কমিটি কর্তৃক পত্র প্রেরণ করতে হবে।

**দায়িত্ব:**

১। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)
২। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন)
৩। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা
৪। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।

**৩.৭ — অধিদপ্তরের বিভিন্ন পদে নিয়োগ ও জনবল**

এ অধিদপ্তরের বিভিন্ন পদে নিয়োগ ও জনবল সংক্রান্ত নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ

i) বিপিএসসি-এর মাধ্যমে নিম্নোক্ত নিয়োগ কার্যক্রম চলমানঃ

| পদেনাম | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| প্রোগ্রামার(গ্রেড ৬) | ২০টি | বিপিএসসি কর্তৃক গত ৩০/৬/২০২১ তারিখে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের আবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি জমাদান সম্পন্ন হয়েছে। |
| মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ১ টি | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদে জনাব আরিফ ইবনে আলী গত ১০/১০/২০২১ খ্রি. তারিখে অত্র অধিদপ্তরে যোগদান করেছেন। |
| সহকারী প্রোগ্রামার | ৫৯+৩০=৮৯টি | বিপিএসসি কর্তৃক গত ০৩.১০.২০২১ তারিখে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। লিখিত পরীক্ষায় মোট ৪৫৬ জন উত্তীর্ণ হয়েছে। Aptitude Test এর তারিখ এখনও নির্ধারিত হয়নি। |
| সহকারী নেটওয়াক ইঞ্জিনিয়ার | ৬৫টি | প্রার্থীদের সার্টিফিকেট যাচাই-বাচাই ও শারীরিক পরীক্ষার কার্যক্রম ইতোমধ্যে বিভাগ কর্তৃক সম্পন্ন হয়েছে। এছাড়া পুলিশ ভেরিফিকেশনের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। |
| হিসাবরক্ষণ কর্মকর্তা | ১ টি | বিপিএসসির কর্তৃক ৩৮তম বিসিএস অপেক্ষমান তালিকা হতে প্রার্থী সুপারিশ করা হবে মর্মে আইসিটি বিভাগ থেকে জানানো হয়েছে। |

ii) সভাপতি নিয়োগ সংক্রান্ত কাজের অগ্রগতির জন্য বিপিএসসি ও আইসিটি বিভাগ এর সাথে নিয়মিত যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন।

i) অধিদপ্তরের ১ম ও ২য় শ্রেণীর নিয়োগ সংক্রান্ত কাজের অগ্রগতির জন্য বিপিএসসি ও আইসিটি বিভাগের এর সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

**দায়িত্ব:**

১। উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন)
২। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন
৩।জনাব মোঃ আশিক আকবর, ডাটা এন্ট্রি / কন্ট্রোল সুপারভাইজার।

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>iii) সভাপতি ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটিকে দ্রুত সভা আয়োজন করার নির্দেশনা প্রদান করেন।<br><br>iv) আইসিটি অধিদপ্তরের ৪র্থ শ্রেণির বিভিন্ন পদে আউট সোর্সিং প্রক্রিয়াতে নিয়োগের নিমিত্ত গত ০৮/০৮/২০১৭ তারিখে ৫৬.০৪.০০০০.০০৮.১১.০০৯.১৭.৯৭৫ নং স্মারকের মাধ্যমে টেন্ডার আহ্বান করা হয় যা মামলাজনিত কারণে স্থগিত রয়েছে। উক্ত পদসমূহের বিপরীতে রাজস্বখাতে নিয়োগের নিমিত্ত বিজ্ঞ আইনজীবীর পরামর্শ/প্রত্যয়ন গ্রহণপূর্বক রাজস্বখাতে নিয়োগের অনুমতি প্রদানের নিমিত্ত আইসিটি বিভাগে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>v) প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ এর সভাপতিত্বে গত ০২/১২/২০২০ তারিখের শূন্যপদ পূরণ বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরনী ইতোমধ্যে সকলকে প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর নির্দেশনার আলোকে দ্রুত শূন্যপদ পূরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td>
<td>iii) ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ সংক্রান্ত বিষয়েগঠিত বিভাগীয় নির্বাচন কমিটিকে দ্রুত সভা আয়োজনকরতে হবে।<br>iv) মামলাজনিত কারণে স্থগিত গত ০৮/০৮/২০১৭ তারিখে ৫৬.০৪.০০০০.০০৮. ১১.০০৯.১৭.৯৭৫ নং স্মারকের মাধ্যমে আউট সোর্সিং প্রক্রিয়াতে নিয়োগের নিমিত্ত টেন্ডারকৃত আইসিটি অধিদপ্তরের ৪র্থ শ্রেণির পদসমূহের বিপরীতে রাজস্বখাতে নিয়োগের নিমিত্ত বিজ্ঞ<br>আইনজীবীর পরামর্শ/প্রত্যয়ন গ্রহণপূর্বক রাজস্বখাতে নিয়োগের অনুমতি প্রদানের নিমিত্ত আইসিটি বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>v) প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ এর সভাপতিত্বে গত ০২/১২/২০২০ তারিখের শূন্যপদ পূরণ বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণীর নির্দেশনার আলোকে দ্রুত শূন্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>দায়িত্ব:<br>১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার।</td>
</tr>
<tr>
<td>৩.৮</td>
<td>মামলা পরিচালনা</td>
<td>সভায় এ অধিদপ্তর সংশ্লিষ্ট মামলার বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ<br>i) অত্র অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার (অপসারণকৃত) জনাব রফিককুল ইসলামের মামলাটি (AT-161/2019) ইতোমধ্যে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল বিভাগ থেকে সুপ্রীম কোর্টের আপীল বিভাগে শুনানীয়ন্তে আবেদনটি খারিজ করে দেয়। পরবর্তীতে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় ইতোমধ্যে Review (রিভিউ) শুনানীর জন্য আবেদন করা হয়েছে। বিষয়টি আইসিটি বিভাগকে পত্রের মারফতে অবহিত করা হয়েছে। রিভিউ শুনানীর জন্য অপেক্ষমান।<br><br>ii) আইসিটি বিভাগ টেকনিশিয়ানদের দায়েরকৃত ৫টি রীটের মধ্যে এখনো অনিষ্পন্ন ২টি রীট ১৮০৩৬/২০১৭ এবং ৫১৮১/২০১৮ নিষ্পন্ন না হওয়া পর্যন্ত নিয়োগ কার্যক্রম স্থগিত রাখার জন্য নির্দেশনা প্রদান করেছে। পরবর্তীতে মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে অনিষ্পন্ন রীট ২টির বিষয়ে Affidavit দাখিলসহ দ্রুত শুনানীর জন্য ইতোমধ্যে আবেদন করা হয়েছে। কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।</td>
<td>i) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>দায়িত্ব:<br>১। উপ-পরিচালক (প্রশাসন) - তদারককারী<br>২। সহকারী পরিচালক (সেবা) - ফোকাল পয়েন্ট</td>
</tr>
<tr>
<td>৩.৯</td>
<td>ই-ফাইলিং কার্যক্রম</td>
<td>i) সভাপতি আইসিটি অধিদপ্তর ও প্রকল্পের শত ভাগ কার্যক্রম ই-নথির মাধ্যমে করতে নির্দেশনা প্রদান করেন।<br><br>ii) অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের ০৯/১১/২০২১ তারিখে ই-নথিতে পেন্ডিং ডাক ও নথির তথ্য (সংযুক্ত পতাকা-‘ক’) সভায় উপস্থাপন করা হয়। সভাপতি সকলকে আন্তরিকভাবে কাজ করতে এবং নিজ নিজ ই-নথিতে পেন্ডিং ডাক ও নথিসমূহ দ্রুত নিষ্পন্নের জন্য নির্দেশনা প্রদান করেন।</td>
<td>i) ই-নথি সিস্টেমে যেন আইসিটি অধিদপ্তর পিছিয়ে না পড়ে সেজন্য সকলকে নথিতে কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>ii) অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীর পূর্ববর্তী ০১ মাসের ই-ফাইলিং-এ ডাক, নথি পেন্ডিংসহ বিস্তারিত প্রতিবেদন ই-নথির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবেন।<br><br>দায়িত্বঃ<br>1। উপ-পরিচালক (প্রশাসন)<br>2। জনাব আছমা আক্তার, সহকারী প্রোগ্রামার</td>
</tr>
<tr>
<td></td>
<td>নথি বিনষ্টকরণ সংক্রান্ত</td>
<td>i) অত্র অধিদপ্তরের নথি বিনষ্টকরণের আওতায় পরিকল্পনা ও উন্নয়ন শাখায় রক্ষিত ছিটমহল কর্মসূচীর EOI সংক্রান্ত আগ্রহব্যক্তকরণ আবেদন ইতোমধ্যে গঠিত কমিটি কর্তৃক বিনষ্ট এবং এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। অন্যান্য শাখার কার্যক্রম চলমান মর্মে সভাকে জানানো হয়।<br><br>ii) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান সকল শাখায় পত্র প্রেরণ করে প্রতি তিন মাস অন্তর নির্ধারিত সময়ে প্রতিটি শাখা-অধিশাখা নির্ধারিত সময়ের পূর্বে স্ব স্ব শাখার বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তুতপূর্বক প্রশাসন শাখায় প্রেরণ করার জন্য বলা হয়েছে।<br><br>iii) মহাপরিচালক বিনষ্টযোগ্য নথিসমূহ বিধি অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক সঠিকভাবে বিনষ্টপূর্বক বিনষ্টকরণের প্রমাণক (ছবি) নির্ধারিত সময়ে দ্রুততার সহিত আইসিটি বিভাগে প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন।</td>
<td>i) NIS কর্মপরিকল্পনার বাস্তবায়ন এবং মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়মিত বিনষ্টযোগ্য নথি নির্বাচন ও বিনষ্টকরণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রতিটি শাখা-অধিশাখা নির্ধারিত সময়ের পূর্বে স্ব স্ব শাখার বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তুতপূর্বক প্রশাসন শাখায় প্রেরণ করবে।<br><br>ii) আইসিটি অধিদপ্তরের বিনষ্টযোগ্য নথিসমূহ বিনষ্টকরণের প্রমানকসমুহ দ্রুত আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>দায়িত্বঃ<br>১। উপ-পরিচালক (অর্থ/ প্রশাসন)<br>২। শাখা-অধিশাখা প্রধানগণ<br>৩। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার</td>
</tr>
<tr>
<td>৩.১০</td>
<td>ই-নথি/ডি-নথি প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম</td>
<td>ই-নথি/ডি-নথি প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমের নিম্নোক্ত অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়ঃ<br>
<table>
<tr><th colspan="6">2020-2021 (For E-nothi & D-Nothi Training)</th></tr>
<tr><td>Office</td><td>Target (Batch)</td><td>Completion (Batch)</td><td>Completion (Number)</td><td>Version</td><td>Comment</td></tr>
<tr><td>Head Quater</td><td>50</td><td>25</td><td>625</td><td>D-Nothi</td><td>Training Close</td></tr>
<tr><td>District+Upazila Office</td><td>348</td><td>293</td><td>7325</td><td>D-Nothi</td><td>Training on going</td></tr>
<tr><td>District+Upazila Office</td><td>605</td><td>448</td><td>13440</td><td>E-Nothi</td><td>Training on going</td></tr>
<tr><td colspan="3">Total</td><td>21390</td><td></td><td>Till 31/10/2021</td></tr>
</table></td>
<td>i) আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়েরই-নথি/ডি-নথি প্রশিক্ষণ দ্রুত সম্পন্নের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>দায়িত্বঃ<br>১। উপ-পরিচালক (প্রশাসন)/ উপ-পরিচালক (অর্থ)<br>২।জনাববি.এম. বেলাল হোসেন, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।<br>৩। জনাব আছমা আক্তার, সহকারী প্রোগ্রামার</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৩.১১ | আইসিটি অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কার্যপরিধি নির্ধারণ এবং ক্ষমতা বণ্টন | আইসিটি অধিদপ্তরের মাঠ পর্যায়ের ‘প্রোগ্রামার’ এবং ‘সহকারী প্রোগ্রামার’ পদের কর্মপরিধি সংশ্লিষ্ট গঠিত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রাথমিক খসড়াটি মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন এবং অনুমোদন সাপেক্ষে আইসিটি বিভাগে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>গঠিত কমিটি<br>১) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) -আহ্বায়ক<br>২) জনাব মোঃ ওয়াদুদুর রহমান, প্রোগ্রামার -সদস্য<br>৩) সহকারী পরিচালক (প্রশাসন) -সদস্য<br>৪) সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার-সদস্য<br>৫) সৈয়দ সালমান বিন কাদের, সহকারী প্রোগ্রামার -সদস্য<br>৬) জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার - সদস্য<br>৭) উপ-পরিচালক (প্রশাসন)-সদস্য সচিব | আইসিটি অধিদপ্তরের মাঠ পর্যায়ের ‘প্রোগ্রামার’ এবং ‘সহকারী প্রোগ্রামার’ পদের কর্মপরিধি সংশ্লিষ্ট গঠিত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রাথমিক খসড়াটি মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে।<br>**দায়িত্বঃ**<br>১। গঠিত কমিটি।<br>২। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার |
| ৩.১২ | প্রশিক্ষণ (অভ্যন্তরীণ ও বাহির) | কোভিড-১৯ পরিস্থিতির কথা বিবেচনায় অত্র অধিদপ্তরের কর্মকর্তাদের নিয়ে বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের ১১তম ও ১২তম ব্যাচের প্রশিক্ষণ ১০/১১/২০২১ খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে। ১৩তম এবং ১৪তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ২২/১১/২০২১ খ্রি. তারিখ হতে অনলাইনে আয়োজন করা হবে মর্মে BPATC থেকে পত্র পাওয়া গিয়েছে এবং অগ্রিম অর্থ ছাড়করণের নিমিত্ত আইসিটি বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। BPATC এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>**গঠিত কমিটি:**<br>১) পরিচালক (অর্থ ও প্রশাসন) -আহ্বায়ক<br>২) উপ-পরিচালক (প্রশাসন) -সদস্য<br>৩) জনাব মোঃ ওয়াদুদুর রহমান, প্রোগ্রামার -সদস্য<br>৪) সহকারী পরিচালক (প্রশাসন) -সদস্য<br>৫) সহকারী পরিচালক (অর্থ) -সদস্য<br>৬) উপ-পরিচালক (অর্থ)-সদস্য সচিব | i) অত্র অধিদপ্তরের কর্মকর্তাদের ১৩তম এবং ১৪তম ব্যাচের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত BPATC সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। গঠিত কমিটি |

**৪। অর্থ শাখা**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৪.১ | অডিট আপত্তি | সভায় এ অধিদপ্তরের অডিট আপত্তি বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ<br>i) ২০১৯-২০ অর্থ বছরের অডিট ইনস্পেকশন রিপোর্ট (AIR) পাওয়ার পর অধিদপ্তরের ৫টি; ছিটমহল কর্মসূচির ২টি, ও সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা শিক্ষা ল্যাব স্থাপন প্রকল্পের ১টি সহ মোট 08টি আপত্তির ব্রডশিট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পের ৫টি আপত্তির জবাব পাওয়া যায়নি।<br><br>ii) অত্র অধিদপ্তরের প্রকল্পসহ ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত মোট আপত্তি ৪৬টি। এর মধ্যে অধিদপ্তরের অডিট আপত্তি ২২টি যার ১৭টি আপত্তি নিষ্পন্ন হয়েছে এবং অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে ৫টি। জবাব প্রেরণ করা হয়েছে।<br>iii) প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পের ০৯টি আপত্তি রয়েছে। এর মধ্যে ২টি আপত্তি নিষ্পত্তি হয়েছে।<br>iv) সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা শিক্ষা ল্যাব স্থাপন প্রকল্পের মোট ১৫টি আপত্তির মধ্যে ১০টি আপত্তি নিষ্পত্তি হয়েছে।<br><br>২০১৯-২০২০ অর্থ বছরে ১৩ আপত্তিসহ বর্তমানে মোট আপত্তি সংখ্যা ৫৯ টি; নিষ্পন্ন ২৯ টি এবং অনিষ্পন্ন ৩০টি। | অত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহ নিষ্পন্নের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অডিট অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>দায়িত্বঃ<br>১। উপ-পরিচালক (অর্থ)।<br>২। জনাব মোঃ সোহেল রানা, সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা। |
| ৪.২ | বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক সভা | পরিচালক (অর্থ ও প্রশাসন) মহোদয় অর্থ শাখার কর্মকর্তা/কর্মচারীগণকে নিয়ে সভা করেছেন এবং তার নির্দেশনায় বাজেট বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। | প্রতিমাসে বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক সভা আয়োজনকরত সভার অগ্রগতি প্রতিবেদন মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।<br>**দায়িত্বঃ**<br>১। উপ-পরিচালক (অর্থ)<br>২। জনাব মোঃ সোহেল রানা, সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা। |
| ৪.৩ | বাজেট বাস্তবায়ন, ব্যয় ও অগ্রগতি | ২০২১-২২ অর্থ বছরের বাজেটের ১ম কোয়াটার সমাপ্ত প্রধান কার্যালয়, জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়সহ ১ম কোয়াটারের বাজেট বাস্তবায়নের হার ৯৯.৩৪% মর্মে সভাকে জানানো হয়। | i) অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরের ১ম কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন সন্তোষজনক হয়েছে এবং এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>**দায়িত্বঃ**<br>১। উপ-পরিচালক (অর্থ)<br>২। সহকারী পরিচালক (অর্থ)।<br>৩। জনাব মোঃ সোহেল রানা, সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা। |

**৫। পরিকল্পনা ও উন্নয়ন শাখা**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৫.১ | বই প্রকাশনা ও প্রচার-প্রচারনা | i) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনের ১০০০ কপি ছাপানো হয়েছে এবং বার্ষিক প্রতিবেদনের কপি আইসিটি বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয়সমূহে প্রেরণ করা হয়েছে। সভাপতি বার্ষিক প্রতিবেদন মুদ্রনের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | i) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। পরিকল্পনা ও উন্নয়ন শাখা |
| ৫.২ | ইনোভেশন | সভায় এ অধিদপ্তর সংশ্লিষ্ট ইনোভেশন বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ<br><br>i) ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী অত্র অধিদপ্তরের সকল কার্যক্রম চলমান রয়েছে।<br><br>ii) অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে ২০২১-২০২২ অর্থ-বছরে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য মোট ১৩টি উদ্ভাবনী প্রস্তাব পাওয়া গিয়েছে। তন্মধ্যে গত ০৭/১০/২০২১ খ্রি.তারিখে যাচাই-বাছাইপূর্বক ০৭টি উদ্যোগকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে।<br><br>iii) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কর্মকর্তাদের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 120 জন কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে চার (০৪) টি ব্যাচে (প্রতি ব্যাচে 30 জন) করে দুই (০২) দিনের প্রশিক্ষণ নভেম্বর 2021 মাসে ০২টি এবং আগামী জানুয়ারি/ফেব্রুয়ারি 2022 মাসে ০২টি আয়োজন করা হবে। ইতোমধ্যে উক্ত প্রশিক্ষণ আয়োজনের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করা হয়েছে। | i) ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুয়াযী অত্র অধিদপ্তরের সকল ইনোভেশন কার্যক্রম পরিকল্পনার নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>ii) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণটি নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>২। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন)। |
| ৫.৩ | আর এন্ড ডি অধিশাখা গঠন | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) আইসিটি অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখার অধীনে আর এন্ড ডি অধিশাখা চালু রাখার নিমিত্ত সভাপতির নিকট কর্মকর্তা সংযুক্তি প্রদানের অনুরোধ জানান। | আইসিটি অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখার অধীনে আর এন্ড ডি অধিশাখায় আপাতত কোন কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব দিয়ে কার্যক্রম চালু রাখতে হবে।<br><br>**দায়িত্ব:**<br>১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

**৬। সিস্টেম ও প্রশিক্ষণ শাখা**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৬.১ | আইসিটি অধিদপ্তরের সফটওয়্যার/ ToR সংক্রান্ত | ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) সভাকে জানান যে, ট্রেনিং ডাটাবেস প্লাটফর্মের ২য় ভার্সনের জন্য ToR তৈরির কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**গঠিত কমিটি:**<br>১) সিস্টেম ম্যানেজার -আহ্বায়ক<br>২) জনাব মোঃ সুলতান মাহমুদ, ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর -সদস্য<br>৩) জনাব আব্দুল্লাহ আল রহমান, প্রোগ্রামার-সদস্য<br>৪) জনাব মোঃ গোলাম মাহবুব, প্রোগ্রামার -সদস্য<br>৫)জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক(অর্থ)-সদস্য<br>৬) সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ,<br>সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা -সদস্য<br>৭) জনাব আনজুম রিয়াসত, সহকারী প্রোগ্রামার-সদস্য<br>৮)জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী,<br>মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার -সদস্য সচিব | ট্রেনিং ডাটাবেস প্লাটফর্মের ২য় ভার্সনের জন্য ToR তৈরির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। সিস্টেম ম্যানেজার (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>২। জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার |

**৭। অনুষ্ঠান/উৎসবাদি**

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৭.১ | ১০০+ কৌশল বাস্তবায়ন | i) মুজিব বর্ষে ১০০+ কৌশল বাস্তবায়ন উপলক্ষে অত্র অধিদপ্তরের নিম্নবর্ণিত ৪টি কার্যক্রমের প্রস্তাবনা ছিলঃ<br>১। তথ্যপ্রযুক্তি ভিত্তিক মানবসম্পদ উন্নয়ন<br>২। ১০০+ ব্যাচ ল্যাবের শিক্ষার্থীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ ১০০+ হাজার<br>৩। ছাত্র/ছাত্রীদের প্রোগ্রামিং প্রশিক্ষণ-১০০+ হাজার<br>৪। সাধারণ বিদ্যালয়কে স্মার্ট বিদ্যালয়ে রূপান্তর-১০০+ বিদ্যালয়<br><br>ii) কোভিড-১৯ প্রেক্ষাপটে শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম বর্তমানে আংশিকভাবে চলমান থাকায় প্রশিক্ষণ প্রদান কার্যক্রম এখনও শুরু করা সম্ভব হয়নি মর্মে সভায় আলোচনা হয়। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরুর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা। |

| | | | |
|---|---|---|---|
| মুজিব বর্ষ ২০২০-২১ উদ্‌যাপন | ‘ডিজিটাল প্লাটফর্মে মুজিব’ শীর্ষক কার্যক্রম | সভায় ‘ডিজিটাল প্লাটফর্মে মুজিব’ শীর্ষক কার্যক্রম বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ<br>i) ‘ডিজিটাল প্লাটফর্মে মুজিব’ শীর্ষক কার্যক্রমের তথ্য উদ্‌যাপন কমিটির সবাইকে অবহিত করার নিমিত্ত আইসিটি বিভাগে সম্পন্ন কাজের তথ্য প্রেরণ করা হয়েছে।<br>ii) স্বল্প দৈঘ্য চলচিত্র প্রতিযোগিতার বিজয়ী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। বিজয়ী নির্বাচন সম্পন্ন হলে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।<br>iii) আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় নির্দেশনা মোতাবেক আইসিটি অধিদপ্তর কর্তৃক নির্মিত ১০টি এনিমেশন ভিডিও-এর পুনর্বিন্যাসকরণের কার্যক্রম চলমান রয়েছে। গঠিত কমিটি নিয়মিত তদারকি করছেন।<br>iv) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিজস্ব লেখা বইয়ের সমন্বয়ে প্রস্তুতকৃত অডিও বুকটির ইউটিউব চ্যানেলে প্রচার চলমান রয়েছে।<br>v) বঙ্গবন্ধু প্রতিদিন, ডিজিটাল কার্ডসহ অন্যান্য বিষয়গুলোর আইসিটি বিভাগ ও আইসিটি অধিদপ্তরের ফেইজবুক পেইজ এবং জন্মশত বার্ষিকীর পেইজে প্রচার কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করা হচ্ছে। | i) ‘ডিজিটাল প্লাটফর্মে মুজিব’ শীর্ষক প্রতিযোগিতাসমূহের তথ্য উদ্‌যাপন কমিটির সবাইকে অবহিত করণ বিষয়ে আইসিটি বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>ii) স্বল্প দৈঘ্য চলচিত্র প্রতিযোগিতার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।<br>iii) আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় নির্দেশনা মোতাবেক আইসিটি অধিদপ্তর কর্তৃক নির্মিত ১০টি এনিমেশন ভিডিও-এর পুনর্বিন্যাসকরণের কার্যক্রম দ্রুত এবং সঠিকভাবে সম্পন্ন করতে হবে।<br>iv) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিজস্ব লেখা বইয়ের সমন্বয়ে প্রস্তুতকৃত অডিও বুকটির ইউটিউব চ্যানেলে প্রচার চলমান রাখতে হবে এবং কার্যক্রম তদারকি করতে হবে।<br>v) বঙ্গবন্ধু প্রতিদিন, ডিজিটাল কার্ডসহ অন্যান্য বিষয়গুলোর আইসিটি বিভাগ ও আইসিটি অধিদপ্তরের ফেইজবুক পেইজ এবং জন্মশত বার্ষিকীর পেইজে প্রচার কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা। |
| | ‘শত মনে বঙ্গবন্ধু’ শীর্ষক সাক্ষাতকারধর্মী ডকুমেন্টারি তৈরি কার্যক্রম | ‘শত মনে বঙ্গবন্ধু’ শীর্ষক সাক্ষাতকারধর্মীডকুমেন্টারি তৈরি কার্যক্রমের নিমিত্ত২০২১-২২ অর্থ বছরে বাজেট চাহিত আইসিটি বিভাগ কর্তৃক অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হলে অর্থ মন্ত্রনালয় হতে উক্ত কার্যক্রমের জন্য জাতীয় উদ্‌যাপন বাস্তবায়ন কমিটির অনুমতি গ্রহণের নির্দেশনা প্রদান করে তদ্‌প্রেক্ষিতে আইসিটি বিভাগ গত ১৩/০৬/২০২১ তারিখে জাতীয় উদ্‌যাপন বাস্তবায়ন কমিটির নিকট পত্র প্রেরণ করেছে। ইতোমধ্যে জাতীয় উদ্‌যাপন বাস্তবায়ন কমিটি আইসিটি বিভাগকে সুপারিশ করেছে এবং সে অনুযায়ী আইসিটি বিভাগ বাজেট চাহিত অর্থ বিভাগে পত্র প্রেরণ করেছে। অদ্যবদি বাজেটের বিষয়ে কোন অগ্রগতি পাওয়া যায়নি। আইসিটি বিভাগের নির্দেশনা মোতাবেক অত্র অধিদপ্তর পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে মর্মে সভায় আলোচনা হয়। | আইসিটি বিভাগের নির্দেশনা অনুযায়ী ‘শত মনে বঙ্গবন্ধু’ শীর্ষক সাক্ষাতকারধর্মীডকুমেন্টারি তৈরির পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.২ | ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ | সভায় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ<br>i) জাতীয় ও জেলা পর্যায়ের সকল আবেদন যাচাই-বাছাই করা হয়েছে। আবেদনকারীদের লাইভ ডেমনস্ট্রেশন এবং প্রেজেন্টেশন গ্রহণ করা হয়েছে। ৯, ১০ এবং ১৫ নভেম্বর ২০২১ কারিগরি উপকমিটির সভা রয়েছে এবং ২৪ নভেম্বর ২০২১ কেন্দ্রীয় কমিটির সভা রয়েছে।<br>ii) ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ আয়োজন উপলক্ষ্যে ইতোমধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে। উক্ত দরপত্র দাখিলের শেষ তারিখ ছিল গত ০৩/১০/২০২১। যাচাই-বাছাই ও মূল্যায়ন শেষে সংক্ষিপ্ত তালিকা প্রকাশ করা হবে এবং RFP প্রেরণ করা হবে। আগামী ১৪/১১/২০২১ তারিখে RFP জমা গ্রহণ করা হবে।<br><br>iii) ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ আয়োজন উপলক্ষ্যে গত ০৪/১১/২০২১ তারিখে (মুদ্রণ, প্রকাশনা ও ইভেন্ট এবং পুরস্কার ব্যবস্থাপনা) দরপত্র উন্মুক্তকরণ করা হয় এবং গত ০৩/১১/২০২১ তারিখে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে (কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ)-এর উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়। | i) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার-এর কেন্দ্রীয় বাছাই কমিটি কর্তৃক গঠিত (পুরস্কার সংক্রান্ত কারিগরি উপ-কমিটি এবং মনোনয়ন/আবেদনপত্র প্রথমিক যাচাই-বাছাই সংক্রান্ত উপ-কমিটি) এর মাধ্যমে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট প্রেরণ করতে হবে।<br>ii) ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ আয়োজন<br>উপলক্ষ্যে আহ্বানকৃত দরপত্র যাচাই-বাছাই ও মূল্যায়ন শেষে সংক্ষিপ্ত তালিকা প্রকাশপূর্বক RFP প্রেরণ ও ক্রয় সংক্রান্ত অন্যান্য কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। আইসিটি বিভাগকে একটি প্রস্তুতিমূলক সভা আহ্বানের জন্য অনুরোধ করতে হবে।<br><br>iii) ইতোপূর্বে বিভাগভিত্তিক দায়িত্বপ্রাপ্ত ৮জন কর্মকর্তা ডিজিটাল বাংলাদেশ দিবসে জেলা/উপজেলা পর্যায়ে পরিচালিত সকল কার্যক্রম মনিটরিং এর দায়িত্ব পালন করবেন।<br><br>**দায়িত্ব:**<br>১। প্রথমিক যাচাই-বাছাই সংক্রান্ত উপ-কমিটি<br>২। বিভাগভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ<br>৩। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা। |
| ৭.৩ | শেখ রাসেল পুরস্কার নীতিমালা | i) ১৮ অক্টোবর ২০২১ তারিখে সকল মন্ত্রণালয় ও আইসিটি বিভাগের সাথে সমন্বয়পূর্বক যথাযোগ্য মর্যাদায় সফলভাবে "শেখ রাসেল দিবস ২০২১" উদ্‌যাপন করায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>ii) সভাপতি 'শেখ রাসেল পুরস্কার নীতিমালা' প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করেন। পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান যে, ইতোমধ্যে 'শেখ রাসেল পুরস্কার নীতিমালা ২০২২' এর খসড়া প্রণয়নে সহযোগিতার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিন জন শিক্ষককে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | i) 'শেখ রাসেল পুরস্কার নীতিমালা ২০২২' এর খসড়া প্রণয়ন করার নিমিত্ত সভা আহ্বান করতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।<br>৩। জনাব আনজুম রিয়াসাত, সহকারী প্রোগ্রামার |

## ৮। বিবিধ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৮.১ | অধিদপ্তরের পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ এবং কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী স্থায়ীকরণ | i) ৬৪ টি ও ৬৬১টি পদের পদ সংরক্ষণের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ হতে সম্মতি পাওয়া গিয়েছে মর্মে সভাকে জানানো হয়।<br><br>ii) সভাপতি আইসিটি অধিদপ্তরের পদগুলো স্থায়ীকরণের উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।<br><br>iii) সভাপতি আইসিটি অধিদপ্তরের পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ বিষয়ে কাজ করতে জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার-কে দায়িত্ব প্রদান করেন এবং সহকারী পরিচালক (অর্থ) জনাব মোঃ সাব্বির হাসান মুরাদ-কে সহযোগিতা করার নির্দেশনা প্রদান করেন। | i)আইসিটি অধিদপ্তরের পদসমূহ স্থায়ীকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>ii) সহকারী পরিচালক (অর্থ) জনাব মোঃ সাব্বির হাসান মুরাদ-এর সহযোগিতায় জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তরের পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ বিষয়ে কাজ করবেন।<br><br>**দায়িত্বঃ**<br>১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৮.২ | অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ডাটাবেজ (পিডিএস)তৈরি ও রক্ষণাবেক্ষণ | i) ওয়েববেইজড পার্সোনাল ডাটাশিট (PDS) সফটওয়্যারটি সার্ভারে হোস্টিং সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং সার্ভারের প্রয়োজনীয় ক্রিডেনশিয়াল PDS প্রস্তুতকারীর নিকট প্রেরণ করার হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>ii) ওয়েববেইজড পার্সোনাল ডাটাশিট (PDS) সফটওয়্যারটিতে অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের এসিআর সংযুক্তকরণের বিষয়ে সভায় আলোচনা হয় এবং সভাপতি জনাব হাবিবুল্লাহ, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, ফুলপুর, ময়মনসিংহ-কে এ বিষয়টি দায়িত্ব প্রদানের পরামর্শ প্রদান করেন।<br>iii) সভাপতি ওয়েববেইজড পার্সোনাল ডাটাশিট (PDS) সফটওয়্যারটির কার্যক্রম সম্পন্ন করে ০১ (এক) মাসের মধ্যে জনাব হাবিবুল্লাহ, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, ফুলপুর, ময়মনসিংহ কর্তৃক আইসিটি অধিদপ্তরকে বুঝিয়ে দেয়ার নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি এ সংক্রান্ত কমিটি পুন:গঠন করে দেন:<br><br>**গঠিত কমিটি:**<br>১। সিস্টেমস ম্যানেজার - আহ্বায়ক<br>২। জনাব মো: আব্দুল্লাহ বিন ছালাম, প্রোগ্রামার - সদস্য<br>৩। জনাব হাবিবুল্লাহ, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, ফুলপুর, ময়মনসিংহ- সদস্য<br>৪। ওয়েবসাইট এডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)– সদস্য সচিব<br><br>কমিটি প্রয়োজনে এ বিষয়ে সংশ্লিষ্ট যে কোনও ব্যক্তিকে এর সদস্য হিসেবে কোঅপ্ট করতে পারবে। | i) তথ্যও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েবেবেইজড পার্সোনাল ডাটাশিট (PDS) সফটওয়্যারটির ক্রিডেনশিয়ালসমূহ সমাধান করে ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>ii) ওয়েব বেইজড পার্সোনাল ডাটাশিট (PDS) সফটওয়্যারটিতে অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের এসিআর সংযুক্তকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>iii) জনাব হাবিবুল্লাহ, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, ফুলপুর, ময়মনসিংহ কর্তৃক ওয়েববেইজড পার্সোনাল ডাটাশিট (PDS) সফটওয়্যারটির কার্যক্রম সম্পন্নকরত এক মাসের মধ্যে আইসিটি অধিদপ্তরকে বুঝিয়ে দিতে হবে।<br><br>**দায়িত্বঃ**<br>১। গঠিত কমিটি। |
| ৮.৩ | আইসিটি অধিদপ্তরের নেটওয়ার্ক আধুনিকায়ন সংক্রান্ত | আইসিটি অধিদপ্তরের নেটওয়ার্ক আধুনিকায়নের নিমিত্ত Solution Architecture এর খসড়া প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই এ বিষয়ে চূড়ান্তকরণ সভা আহ্বায়ন করা হবে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>**গঠিত কমিটি:**<br>১। সিস্টেমস ম্যানেজার - আহ্বায়ক<br>২। আইসিটি বিভাগের প্রতিনিধি - সদস্য<br>৩। বিসিসি-এর প্রতিনিধি - সদস্য<br>৪। জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার -সদস্য সচিব | আইসিটি অধিদপ্তরের নেটওয়ার্ক আধুনিকায়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>**দায়িত্ব:**<br>১। সিস্টেম ও প্রশিক্ষণ শাখা<br>২। গঠিত কমিটি |
| ৮.৪ | 'সুরক্ষা' সিস্টেম সংক্রান্ত | সভায় 'সুরক্ষা' সিস্টেম বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ<br>i) ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। NID কার্ডধারী সকল বয়সের ব্যক্তি বর্তমানে কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য সুরক্ষা সিস্টেম ব্যবহার করে নিবন্ধন করতে পারছেন।<br>ii) গত ০১/১১/২০২১ খ্রি. তারিখ হতে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নিবন্ধন নম্বর ব্যবহার করে নিবন্ধন চলমান রয়েছে।<br>iii) প্রতিবন্ধী নাগরিকরা নিবন্ধন করতে পারছেন।<br>iv) এখন পর্যন্ত মোট নিবন্ধন: ৬ কোটির বেশি<br>v) অগ্রাধিকার ভিত্তিতে চলমান নিবন্ধন কার্যক্রম:<br>• বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী<br>• বিদেশগামী বাংলাদেশী কর্মী<br>• গণটিকা কার্যক্রম চলমান রয়েছে।<br>vi) অতিরিক্ত মহাপরিচালক 'সুরক্ষা' টিমের কার্যক্রমে শৃংখলা ও গতিশীলতা আনয়নের নিমিত্ত দিক-নির্দেশনা প্রদান করে আদেশ জারি করার পরামর্শ দেন। | i)'সুরক্ষা' সিস্টেমেরে সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার নিমিত্ত সংশ্লিষ্ট টীমকে আন্তরিকভাবে কাজ করতে হবে।<br>ii) 'সুরক্ষা' টিমের কার্যক্রমে শৃংখলা ও গতিশীলতা আনয়নের নিমিত্ত দিক-নির্দেশনা প্রদানপূর্বক আদেশ জারি করতে হবে।<br><br>**দায়িত্ব:**<br>১। সিস্টেম ম্যানেজার<br>২। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সুরক্ষা টীম |
| ৮.৫ | অফিস স্পেস ভাড়া সংক্রান্ত | আইসিটি অধিদপ্তরের কার্যপরিধি ব্যাপকভাবে বৃদ্ধি, কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা বৃদ্ধির ফলে বর্তমানে অধিদপ্তরে কর্মকর্তা/কর্মচারীগণের স্থান সংকুলান না হওয়ায় এবং অত্র অধিদপ্তরের প্রস্তাবিত প্রকল্পসমূহ ECNEC-এ অনুমোদনের অপেক্ষায় থাকায় আইসিটি টাওয়ারে অন্য ফ্লোর/ডাক ভবন/অন্যত্র অফিস স্পেস ভাড়া করা বিষয়ে খোঁজ-খবর নেওয়ার জন্য সভাপতি নিম্নবর্ণিত কমিটি গঠন করে দেন। উল্লেখ্য, ইতোমধ্যে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় অফিস স্পেস ভাড়া নেয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করেছেন।<br><br>**গঠিত কমিটি:**<br>১। জনাব দিদারুল কাদির, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন)<br>২। জনাব জনাব মোঃ আরিফ ইবনে আলী, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>৩। জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক(অর্থ)<br><br>উপরোক্ত কমিটি অফিস স্পেস ভাড়া এর ব্যাপারে খোঁজ-খবর নিয়ে পরিচালক (অর্থ ও প্রশাসন)-কে অবহিত করবেন। | আইসিটি অধিদপ্তরের কার্যপরিধি ব্যাপকভাবে বৃদ্ধি, কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা বৃদ্ধির ফলে বর্তমানে অধিদপ্তরে কর্মকর্তা/কর্মচারীগণের স্থান সংকুলান না হওয়ায় এবং অত্র অধিদপ্তরের প্রস্তাবিত প্রকল্পসমূহ ECNEC-এ অনুমোদনের অপেক্ষায় থাকায়, আইসিটি টাওয়ারে অন্য ফ্লোর/ডাক ভবন/অন্যত্র অফিস স্পেস ভাড়া করা বিষয়ে গঠিত কমিটি খোঁজ-খবর নিয়ে পরিচালক (অর্থ ও প্রশাসন)-কে অবহিত করতে হবে।<br><br>দায়িত্ব:<br>১। গঠিত কমিটি |
| ৮.৬ | আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ/ নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত | মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ এর সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রকল্পের বিষয়ে গত ১২ এপ্রিল ২০২১ তারিখ ২৩তম মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সংশ্লিষ্ট সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টার সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আওতাধীণ দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম সম্পর্কিত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ গুরুত্বসহকারে পর্যালোচনা ও বাস্তবায়ন করতে হবে।<br><br>**দায়িত্ব:**<br>১।সিস্টেমস্ ম্যানেজার<br>২। জনাব মোঃ আতিকুর রহমান তালুকদার, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা |

৯। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তাঁদের দায়িত্ব যথাযথভাবে সঠিক সময়ে পালন করতঃ বাস্তবায়ন করা এবং আগামী মাসের মাসিক সমন্বয় সভার পূর্বেই

বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রদানের অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.০৬.০৩২.১৮.১১৪৩

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৮
২৩ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
৪) জনাব.................................................।

মোঃ ফিরোজ সরকার
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)